অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 5/12/2022 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকলের আলবানি ও রেনসেলারে রূপান্তরমূলক লিভিংস্টোন এভিনিউ সেতু প্রতিস্থাপন প্রকল্প চালুর ঘোষণা

31 মে ভার্চুয়াল শুনানির পর 1 জুন প্যালেস থিয়েটারে সশরীরে উপস্থিত হয়ে ইভেন্ট

প্রকল্পের গুরুত্বপূর্ণ মাইলফলক হলো আধুনিক স্প্যান দিয়ে গৃহযুদ্ধ-আমলের রেল ক্রসিং প্রতিস্থাপন যাতে বাইসাইকেল ও পথচারীদের অ্যাক্সেস রয়েছে

রূপরেখা দেখুন এখানে

গভর্নর ক্যাথি হোকল আজ আলবানি ও রেনসেলারের লিভিংস্টোন এভিনিউ রেল সেতু প্রতিস্থাপনের জন্য এই প্রকল্প সামনের দিকে অগ্রসরের একটি বড় পদক্ষেপ ঘোষণা করেছেন। স্টেটের পরিবহন বিভাগ (Department of Transportation) 31 মে ও 1 জুন গণ শুনানির আয়োজন করবে, যা রাজধানী অঞ্চলের বাসিন্দাদের এই রূপান্তরমূলক প্রকল্প সম্পর্কে জানতে এবং মতামত প্রদানের জন্য গুরুত্বপূর্ণ সুযোগ দেবে। 32.8 বিলিয়ন ডলারের এই নতুন DOT মূলধন পরিকল্পনার মধ্যে গৃহযুদ্ধের সময়কালে নির্মিত বিদ্যমান সেতুটি অধিকতর উচ্চ-গতিসম্পন্ন যাত্রীবাহী রেল, ফ্রেইট রেট, মেরিটাইম পরিবহন, ও বাইসাইকেল আরোহী-পথচারীদের অ্যাক্সেস সমর্থনকারী একটি নতুন, আধুনিক কাঠামো দিয়ে প্রতিস্থাপনের জন্য 400 মিলিয়ন ডলার অন্তর্ভুক্ত রয়েছে। এই সেতু উত্তরপূর্ব করিডর থেকে আলবানি-রেনসেলার পর্যন্ত যাত্রীবাহী রেল পরিষেবার জন্য একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ সংযোগ প্রদান করে।

"আপস্টেট নিউ ইয়র্কের যেকোনো রেলযাত্রী পুরাতন লিভিংস্টোন এভিনিউ ব্রিজের কারণে ভ্রমণে দেরি হওয়া সম্পর্কে খুব ভালোভাবে অবহিত আছেন," **বলেছেন গভর্নর হোকল**। "19 শতাব্দীর এই ধ্বংসাবশেষ প্রতিস্থাপন করা কেবল নিউ ইয়র্ক জুড়ে যাত্রী ও মালবাহী রেল পরিষেবাই উন্নত করবে না, বরং এটি বাইকার, হাইকার ও পথচারীদের হাডসন নদী পারাপারের জন্য একটি নতুন, নিরাপদ উপায় প্রদান করবে। আজ এই রূপান্তরমূলক প্রকল্পে একটি বড় পদক্ষেপ চিহ্নিত করা হয়েছে, এবং আমি রাজধানী অঞ্চলের আগ্রহী বাসিন্দাদের একটি গণ শুনানিতে অংশ নিতে উৎসাহিত করছি।"

গণশুনানিগুলো DOT-র জন সম্পৃক্ততা প্রচেষ্টার একটি মূল উপাদান এবং স্টেট ও ফেডারেল পর্যালোচনা প্রক্রিয়ার অংশ হিসেবে আবশ্যক। 31 মে, বুধবার, 6 p.m. এ একটি ভার্চুয়াল শুনানি

অনুষ্ঠিত হবে এবং জুমের মাধ্যমে এখান থেকে অ্যাক্সেস করা যাবে। 1 জুন, বৃহস্পতিবার 6 p.m. এ আলবানির ক্লিনটন এভিনিউয়ের প্যালেস থিয়েটারে এই বিষয়ে একটি সশরীরে উপস্থিত হয়ে শুনানি অনুষ্ঠিত হবে। উভয় অধিবেশনেই প্রকল্প সম্পর্কে DOT কর্মীদের তথ্যমূলক উপস্থাপনা থাকবে। প্রকল্পের জন্য সম্প্রতি সম্পন্ন হওয়া পরিবেশগত মূল্যায়ন পর্যালোচনার জন্য এখানে পাওয়া যাবে।

লিভিংস্টোন এভিনিউ যাত্রীবাহী রেল সেতুটি 1865 সালে হাডসন নদীর উপর নির্মিত হয়েছিল। এটি রেনসেলার ও আলবানিকে রেলের মাধ্যমে সংযুক্ত করে এবং নিউ ইয়র্ক সিটি থেকে ওয়েস্টার্ন নিউ ইয়র্কে যাত্রীবাহী রেল পরিষেবার জন্য একটি গুরুত্বপূর্ণ পথ প্রদান করে। CSX-এর মালিকানাধীন ও অ্যামট্র্যাকের (Amtrak) কাছে লিজ দেওয়া বর্তমান অবকাঠামোর অবস্থার অবনতি ঘণ্টায় 15 মাইল গতিবেগে একবারে একটি করে ট্রেন চলাচলের মধ্যে সীমিত করে দিয়েছে। নতুন ব্রিজটি উন্নত যাত্রী পরিষেবা প্রদান করবে।

বর্তমানের অপসারণযোগ্য সুইং ব্রিজ একটি নতুন লিফট-ধরনের ব্রিজ দিয়ে প্রতিস্থাপন করা হবে যা কাঠামোটিকে যাত্রীবাহী ও ফ্রেইট ট্রেনের জন্য উচ্চতা, প্রশস্ততা ও গতির ক্ষেত্রে আধুনিক মানদণ্ডে তুলে আনবে এবং হাডসন রিভার দিয়ে আরো বেশি নির্ভরযোগ্য উপায়ে নৌযান চলাচলের ব্যবস্থা করবে। নতুন ব্রিজটি বিদ্যমান ব্রিজটির দক্ষিণ পাশে সমান্তরাল অবস্থানে থাকবে এবং দুইটি রেল ট্র্যাক বহন করবে। ট্র্যাকের কাজগুলোর মধ্যে ট্রেন মোড় নেয়ার জন্য নড়াচড়া সহজতর করতে রেনসেলারের পাশে রেল ট্র্যাকের ত্রিকোণাকার জাংশনের উন্নয়ন এবং পানির উপরে ও আলবানির পাশে সেন্টার স্ট্রিটে রেল ব্রিজের সংস্কার ও পুনর্গঠন অন্তর্ভুক্ত রয়েছে। এছাড়াও এই নতুন সেতুতে আলবানি স্কাইওয়েকে সংযুক্ত করা এবং এম্পায়ার স্টেট ট্রেইল থেকে রেনসেলার সিটি পর্যন্ত শেয়ারে ব্যবহারের জন্য একটি পৃথক পথ অন্তর্ভুক্ত থাকবে।

2023 সালের শেষের দিকে নির্মাণ কাজ শুরু হওয়ার কথা রয়েছে। নতুন সেতু সম্পন্ন হওয়া, যা 2026 সালের শেষের দিকে আশা করা হচ্ছে, আলবানি শহরের আশেপাশের পূর্ববর্তী প্রকল্পগুলোর সাফল্যের উপর ভিত্তি করে নির্মিত হবে, আলবানি স্কাইওয়েসহ, যা উত্তরমুখী ইন্টারস্টেট 787 থেকে একটি অব্যবহৃত এক্সিট র‍্যাম্পকে এলিভেটেড পার্কে রূপান্তরিত করেছে যা হাডসন নদীর সাথে শহরের ডাউনটাউনকে সংযুক্ত করেছে; এবং এম্পায়ার স্টেট ট্রেইল ল্যান্ডমার্ক, যা 750 মাইল বিস্তৃত এবং নিউ ইয়র্ক সিটি থেকে হাডসন ও চ্যাম্পলেইন ভ্যালির মধ্য দিয়ে কানাডা পর্যন্ত এবং ইরি ক্যানাল বরাবর আলবানি থেকে বাফেলো পর্যন্ত গেছে।

নিউ ইয়র্ক পরিবহন বিভাগের কমিশনার মারি ম্যারি থেরেস ডমিঙ্গুয়েজ বলেন, "লিভিংস্টোন এভিনিউ রেল সেতু প্রতিস্থাপন নিউ ইয়র্ক স্টেটের গুরুত্বপূর্ণ অবকাঠামো পুনর্নির্মাণের জন্য গভর্নর হোকলের ঐতিহাসিক প্রতিশ্রুতির আরেকটি নিদর্শন এবং এটি এমনভাবে করা হচ্ছে যা গতিশীলতা উন্নত করে, আমাদের অর্থনীতিকে শক্তিশালী করে এবং মানুষ ও কমিউনিটিকে একত্রিত করে। আমরা এই প্রকল্প তৈরি করা এবং একটি চূড়ান্ত ফলাফল নিশ্চিত করার সময়ে সকল নিউ ইয়র্কবাসীকে গর্বিত করার জন্য এই গণ শুনানিগুলো কমিউনিটির কাছ থেকে শোনার একটি গুরুত্বপূর্ণ সুযোগ।"

সিনেটর চার্লস ই. শুমার বলেন, "আমি এই বহুল প্রতীক্ষিত প্রকল্পের সমগ্র রাজধানী অঞ্চলে উদযাপিত শুভসূচনার সাথে যোগ দিচ্ছি। আমি গত বছর, অবকাঠামোগত উন্নতি করতে অ্যামট্রাকের জন্য 16 বিলিয়ন ডলার নিশ্চিত করার জন্য কাজ করেছি, এবং তাদেরকে লিভিংস্টোন অ্যাভিনিউ সেতুকে এম্পায়ার লাইনের শীর্ষ অগ্রাধিকার দেওয়ার আহ্বান জানিয়েছি। সেতুটি রেল ও নৌ ট্র্যাফিকের জন্য একটি রক্ষাকবচ এবং অবশ্যই, রাজধানী অঞ্চলে আমাদের নদী তীরবর্তী ট্রেইল নেটওয়ার্ক রূপান্তর করার প্রতিশ্রুতি রাখে। নতুন সেতুতে অবশ্যই পথচারী অ্যাক্সেস থাকতে হবে।"

রিপ্রেজেন্টেটিভ পল টংকো বলেন, "আমাদের অবকাঠামোতে বছরের পর বছর ধরে নিষ্ক্রিয়তা এবং কম বিনিয়োগ অগণিত কমিউনিটিকে নেতিবাচকভাবে প্রভাবিত করেছে, আমেরিকানদের ব্যয় বাড়িয়েছে এবং আমাদের অর্থনৈতিক প্রবৃদ্ধিকে বাধাগ্রস্ত করেছে," বলেছেন কংগ্রেসম্যান টংকো। "এ কারণেই আমি লড়েছি এবং আমাদের দ্বিপক্ষীয় অবকাঠামো আইনসহ (Bipartisan Infrastructure Law) অন্যান্য আইনকে এগিয়ে নিয়ে যেতে পেরে গর্বিত, যা দীর্ঘ-প্রয়োজনীয় বিনিয়োগ তৈরি করে আমাদের উন্নতিতে সহায়তা করবে। আজকের ঘোষণা আমাদের 21 শতাব্দীর অবকাঠামো নির্মাণের দিকে একটি শক্তিশালী পদক্ষেপ, এবং আমি এই যথাপোযুক্ত প্রচেষ্টার সাথে জড়িত সকলকে সাধুবাদ জানাই।"

স্টেট সিনেটর নিল ব্রেসলিন বলেন, "লিভিংস্টোন এভিনিউ সেতুর জন্য গণ শুনানি কমিউনিটির সদস্যদের সেতুর ভবিষ্যত সম্পর্কে মতামত প্রদান করার জন্য একটি গুরুত্বপূর্ণ সুযোগ দেবে এবং প্রতিস্থাপনের মধ্যে কী অন্তর্ভুক্ত থাকবে তার জন্য দৃশ্যকল্প প্রদান করবে। আমি প্রক্রিয়াটির অংশ হওয়া অব্যাহত রাখতে এবং মতামত শোনার জন্য অধীর আগ্রহী।"

অ্যাসেম্বলি সদস্য প্যাট্রিশিয়া ফ্যাহি বলেন, "লিভিংস্টন এভিনিউ সেতু প্রতিস্থাপন প্রকল্প হলো আরেকটি উদ্দীপনাময় উন্নয়ন প্রকল্প যা স্কাইওয়ে ডাউনটাউন আলবানিকে পুনরুজ্জীবিত করার এবং একইসাথে এটিকে আমাদের শ্রেষ্ঠ ঐতিহাসিক ও প্রাকৃতিক সম্পদ, হাডসন রিভার ওয়াটারফ্রন্টের সাথে পুনরায় সংযুক্ত করতে সাহায্য করছে৷ লিভিংস্টোন এভিনিউ সেতুটি আলবানি থেকে রেনসেলার কাউন্টি পর্যন্ত একটি নতুন বহুমুখী রাস্তা তৈরি করবে এবং আমাদের কমিউনিটির মধ্যকার সংযোগ উন্নত করবে। এটি আলবানির ঐতিহাসিক ডাউনটাউনের অর্থনৈতিক ও আঞ্চলিক সম্ভাবনার ক্ষেত্রে টার্গেটিকৃত ও রূপান্তরমূলক বিনিয়োগের একটি নতুন ঢেউ তুলে ধরছে। যেহেতু আমরা এই প্রকল্পটি নির্মাণ করতে চাই, আলবানির রিভারফ্রন্ট পুনরুদ্ধার ও পুনঃঅ্যাক্সেসের জন্য I-787 সম্পর্কে নতুন করে ভাবুন, লিভিংস্টোন এভিনিউ ব্রিজটি রাজধানী অঞ্চলের মূল অংশে চলমান ও নবায়নকৃত বিনিয়োগের পরিপূরক হবে।"

অ্যাসেম্বলিমেম্বার জন টি. ম্যাকডোনাল্ড III, RPh বলেন, "লিভিংস্টোন এভিনিউ সেতুর জন্য গণ শুনানি কমিউনিটির সদস্যদের সেতুর ভবিষ্যত সম্পর্কে মতামত প্রদান করার জন্য একটি গুরুত্বপূর্ণ সুযোগ দেবে এবং প্রতিস্থাপনের মধ্যে কী অন্তর্ভুক্ত থাকবে তার জন্য দৃশ্যকল্প প্রদান করবে। আমি প্রক্রিয়াটির অংশ হওয়া অব্যাহত রাখতে এবং মতামত শোনার জন্য অধীর আগ্রহী।"

আলবানি কাউন্টির এক্সিকিউটিভ ড্যানিয়েল পি. ম্যাককয় বলেন, "লিভিংস্টোন এভিনিউ ব্রিজটি বর্তমানে একটি প্রাচীন ধ্বংসাবশেষ হিসেবে দাঁড়িয়ে আছে যা আমাদের অর্থনীতি এবং আমাদের কমিউনিটি আন্তঃসংযোগের ক্ষেত্রে আলবানি কাউন্টি এবং রাজধানী অঞ্চলে আমরা কতদূর এগিয়েছি তা আর প্রতিফলিত করে না। এই প্রতিস্থাপন ট্রানজিট ও বাণিজ্যকে উন্নত করবে - রেল ও নৌ উভয় মাধ্যমেই - পাশাপাশি নদী পারাপারে নিরাপদ বাইক ও পথচারী ট্র্যাফিকের সুযোগ দিয়ে বিনোদন বৃদ্ধি করবে। এই অর্থায়ন আমাদের ভবিষ্যতের একটি বিনিয়োগ এবং অবকাঠামোর এই গুরুত্বপূর্ণ অংশটিকে 21 শতাব্দীতে উন্নীত করবে। আমি এই প্রকল্পে জনসাধারণের মতামতকে স্বাগত জানাতে পেরে আনন্দিত।"

আলবানির মেয়র ক্যাথি শিহান বলেন, "এটি পরম আনন্দের যে আমরা লিভিংস্টোন এভিনিউ রেল সেতুর বহুল-প্রতীক্ষিত প্রতিস্থাপনের দিকে এগিয়ে যাচ্ছি। গভর্নর ক্যাথি হোকলের 400 মিলিয়ন ডলার বিনিয়োগ, দেশব্যাপী এমট্রাক অবকাঠামো মেরামতের জন্য সিনেটের সংখ্যাগরিষ্ঠ নেতা চাক শুমার কর্তৃক সুরক্ষিত 16 বিলিয়ন ডলারের একটি অংশ সম্মিলিতভাবে, এই শুরুর জন্য প্রস্তুত প্রকল্পটি সম্পন্ন করতে সাহায্য করবে যা কেবল দেশের নবম-ব্যস্ততম ট্রেন স্টেশনের পাশের সেতুটিকে পুনরুজ্জীবিতই করবে না, বরং হাডসন নদী পারাপারে একটি পথচারী ও বাইসাইকেল বান্ধব পথ তৈরি করবে - আলবানি এবং আমাদের রিভারফ্রন্টকে পূর্ব দিকের পয়েন্টগুলোর সাথে আরো ভালোভাবে সংযুক্ত করবে। যেসব বাসিন্দা এবং যারা একটি নতুন লিভিংস্টোন এভিনিউ সেতুর পক্ষে কথা বলেছেন তাদেরকে আরো জানার জন্য এবং এই মতামত প্রদানের সুযোগের সদ্ব্যবহার করে নতুন অবকাঠামোর অংশ হিসেবে যা দেখতে চান তা শেয়ার করার জন্য এই গণ শুনানিতে যোগ দিতে আমি আহ্বান জানাচ্ছি।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন